রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ৭, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৬ মার্চ, ২০১৭ খ্রি.

নং ০৯.০০.০০০০.২০৩.১৪.০০১.১৬-৩৭—প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন পর্যায়ে কাঠামোগত এবং পদ্ধতিগত পরিবর্তন সংক্রান্ত 'প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের অর্থ বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা' এবং 'প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের চেকলিস্ট' অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ০৮/০২/২০১৭ তারিখের সভায় অনুমোদিত হয়।

## প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজের জন্য অর্থ বরাদ্দ এবং ব্যবস্থাপনা নীতিমালা

**১.০ নীতিমালার উদ্দেশ্য :**

১.১ প্রকল্পের ডিপিপি/টিপিপি অনুমোদনের পূর্বে প্রস্তুতিমূলক কাজ সম্পাদনের জন্য অর্থ বরাদ্দ এবং ব্যবহার সংক্রান্ত দিক-নির্দেশনা প্রদান; এবং

১.২ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব প্রেরণ, প্রক্রিয়াকরণ ও অনুমোদন বিষয়ে সুনির্দিষ্ট দিক-নির্দেশনা প্রদান।

**২.০ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজ সংক্রান্ত ব্যয়ের খাত :**

২.১ প্রকল্পের ডিপিপি/টিপিপি অনুমোদনের পূর্বে প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজের জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে অর্থ বরাদ্দের নিমিত্ত অর্থ বিভাগ 'প্রকল্পের প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজ' শীর্ষক একটি উন্নয়ন ব্যয়ের খাত সৃজন করবে;

২.২ বর্ণিত উন্নয়নমূলক ব্যয় খাতে অর্থ বিভাগের অনুকূলে অর্থ বছরভিত্তিক বাজেটের সংস্থান করা হবে যা এ নীতিমালার নির্দেশিত পদ্ধতি অনুসরণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থার অনুকূলে বরাদ্দ করা হবে।

**৩.০ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজ সংশ্লিষ্ট ব্যয়ের অর্থায়নের ক্ষেত্রসমূহ :**

৩.১ প্রকল্পের প্রাক সম্ভাব্যতা সমীক্ষা, অর্থনৈতিক সমীক্ষা, কারিগরি সমীক্ষা, পরিবেশগত প্রভাব বিশ্লেষণ (ইআইএ), সামাজিক প্রভাব বিশ্লেষণ (সিআইএ) ইত্যাদি সমীক্ষা বা স্টাডি;

৩.২ প্রকল্প খসড়া দলিল (ডিপিপি/টিপিপি) প্রণয়ন;

৩.৩ প্রকল্পের জন্য ভূমি প্রয়োজন থাকলে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত যাবতীয় কাজ, যথা নক্সা প্রণয়ন ও অধিগ্রহণ এবং ভূমি অধিগ্রহণজনিত পুনর্বাসন;

৩.৪ পূর্ত কাজের design (ডিজাইন) প্রণয়ন;

৩.৫ পণ্য/পূর্ত/সেবা কাজের ব্যয় প্রাক্কলন এবং বিডিং ডক্যুমেন্ট (bidding document)-এর খসড়া প্রস্তুত। প্রয়োজনে পণ্য/পূর্ত/সেবা কাজের দরপত্র প্রক্রিয়াকরণ থেকে শুরু করে কন্ট্রাক্ট এ্যাওয়ার্ড (contract Award) প্রদানপূর্ব সকল কাজ সম্পাদন;

৩.৬ প্রকল্পের ডিপিপি/টিপিপি অনুমোদনপূর্ব অন্তর্বর্তীকালীন প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতি টিমের অফিস পরিচালনা ব্যয়। তবে নতুন জনবল নিয়োগ ও যানবাহন/যন্ত্রপাতি (অর্থাৎ মূলধন আইটেম) সংগ্রহ বাবদ এ তহবিলের অর্থ ব্যবহার করা যাবে না।

**৪.০ বরাদ্দ প্রাপ্তির উপযুক্ত প্রতিষ্ঠান বা প্রকল্প :**

৪.১ প্রতিষ্ঠান : মন্ত্রণালয়/বিভাগ, সরকারি সংস্থা/দপ্তর/পরিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা;

৪.২ প্রকল্প : মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে এবং এডিপি/আরএডিপি-তে বরাদ্দবিহীন অননুমোদিত কারিগরি বা বিনিয়োগ প্রকল্প হিসাবে অন্তর্ভুক্ত।

**৫.০ অর্থের বরাদ্দ সীমা :**

৫.১ ভূমি অধিগ্রহণের ব্যয় ব্যতীত কোন একক প্রকল্পের অন্যান্য প্রস্তুতিমূলক কাজের জন্য সর্বোচ্চ পাঁচ (০৫) কোটি টাকা;

৫.২ ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ভূমির প্রকৃত মূল্য।

**৬.০ বরাদ্দকৃত অর্থ ব্যবহারের মেয়াদ :**

৬.১ প্রস্তুতিমূলক কাজের জন্য বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট অর্থ বছরের মধ্যে ব্যয় করতে হবে;

৬.২ বরাদ্দকৃত অর্থ বা অর্থের অংশ বিশেষ অব্যয়িত থাকলে সংশ্লিষ্ট অর্থ বছরের ৩০ জুন এর মধ্যে বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান/সমর্পণ করে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা অর্থ বিভাগকে অবহিত করবে। অবশিষ্ট অনুমোদিত অর্থ পরবর্তী অর্থ বছরে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার অনুকূলে অর্থ বিভাগ বরাদ্দ ও ছাড় প্রদান করবে।

**৭.০ অর্থ বরাদ্দের প্রক্রিয়া ও ব্যবস্থাপনা :**

**৭.১ বরাদ্দ প্রাপ্তির জন্য আবেদন প্রক্রিয়া :**

৭.১.১ প্রস্তাবিত মূল প্রকল্পের একটি ধারণাপত্র (concept note)/সারসংক্ষেপ-সহ নির্দিষ্ট ছকে প্রস্তুতিমূলক কাজের জন্য বরাদ্দের চাহিদা অর্থ-বিভাগে প্রেরণ করতে হবে;

৭.১.২ প্রস্তাবিত মূল প্রকল্পটি মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে এবং এডিপি/আরএডিপি-তে অননুমোদিত প্রকল্পের তালিকায় অন্তর্ভূক্ত হতে হবে;

৭.১.৩ ভূমি অধিগ্রহণ সংক্রান্ত ব্যয়ের পরিমাণ ৫০ কোটি বা ততোধিক টাকার বেশী হলে অধিগ্রহণযোগ্য ভূমি ও তার পরিমাণ এবং প্রাক্কলিত ব্যয়ের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নীতিগত সম্মতি গ্রহণ করতে হবে।

**৭.২ অর্থ বরাদ্দ অনুমোদন প্রক্রিয়া :**

**৭.২.১ প্রস্তাব মূল্যায়ন :**

৭.২.১.১ অর্থ বরাদ্দের প্রস্তাব মূল্যায়নের জন্য অর্থ বিভাগ একটি আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করবে। আন্তঃমন্ত্রণালয় কমিটিতে পরিকল্পনা কমিশনের সেক্টর বিভাগ ও কার্যক্রম বিভাগ, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাস্তবায়নকারী সংস্থার প্রধান এবং প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতি টিমের সদস্য সমন্বয়ে গঠন করতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষজ্ঞ-কে সভায় অংশগ্রহণের আমন্ত্রণ জানানো যাবে;

৭.২.১.২ বর্ণিত আন্তঃমন্ত্রণালয় কমিটির কর্মপরিধি হবে নিম্নরূপ :

(ক) নীতিমালার আলোকে প্রাপ্ত প্রস্তাবের গ্রহণযোগ্যতা মূল্যায়ন করা;

(খ) অর্থায়নের জন্য প্রস্তাবিত ক্ষেত্রসমূহ পর্যালোচনাপূর্বক গ্রহণযোগ্যতা যাচাই করা;

(গ) বিভিন্ন আইটেমভিত্তিক প্রস্তাবিত ব্যয়ের যৌক্তিকতা পরীক্ষা ও নির্ধারণ করা;

(ঘ) অর্থ ব্যবহারের প্রস্তাবিত কর্ম পরিকল্পনা বাস্তবতার আলোকে যাচাই এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দের সুপারিশ প্রণয়ন করা।

**৭.২.২ অর্থ বরাদ্দ প্রস্তাব অনুমোদন :**

অর্থ বিভাগ মূল্যায়ন কমিটির সুপারিশ পর্যালোচনান্তে একক প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব অনুমোদন করবে।

**৭.২.৩ অর্থ বরাদ্দ ও ব্যয় মঞ্জুরী প্রদান :**

৭.২.৩.১ অনুমোদিত প্রস্তাব অনুযায়ী ‘প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতিমূলক কাজ’ খাতের বাজেট হতে অর্থ বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার একক প্রকল্পের অনুকূলে বাজেট বরাদ্দ প্রদান করবে;

৭.২.৩.২ ভূমি অধিগ্রহণ ব্যতীত অন্যান্য প্রস্তুতিমূলক কাজের জন্য সংশ্লিষ্ট অর্থ বছরের অনুমোদিত বরাদ্দের সম্পূর্ণ অর্থ এক কিস্তিতে এবং ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে ভূমির প্রকৃত মূল্য নির্ধারণ ও অর্থ পরিশোধপূর্ব সকল আইনগত কার্যাদি সম্পাদন সাপেক্ষে সম্পূর্ণ অর্থ এককালীন ছাড় করতে হবে;

৭.২.৩.৩ বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের বিদ্যমান আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

৮.০ **অর্থ ব্যবহারের অগ্রগতি পরিবীক্ষণ :**

৮.১ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ত্রৈমাসিকভিত্তিক অর্থ ব্যয়ের প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করবে;

৮.২ অর্থ বিভাগ এ সংক্রান্ত একটি ডাটা-বেইজে তথ্যাদি সংরক্ষণ করবে এবং অর্থ বরাদ্দ ও ব্যবহার সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করবে;

৮.৩ প্রকল্পের ডিপিপি/টিপিপি অনুমোদন বা বৈদেশিক সহায়তার অর্থায়ন চুক্তি স্বাক্ষরের পূর্বে প্রযোজ্য প্রকল্পের সকল প্রস্তুতিমূলক কাজ, readiness checklist (সংলগ্নী-১) অনুযায়ী, সম্পাদন করা হয়েছে কিনা তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যাচাই করবে;

৮.৪ প্রকল্পের টিপিপি/ডিপিপি-তে প্রকল্পের প্রস্তুতিমূলক কাজ ও সংশ্লিষ্ট ব্যয় মেমোরান্ডাম আইটেম (memorandum item) হিসাবে প্রদর্শন করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রজ্ঞাপনটি জারি করা হলো এবং প্রজ্ঞাপন জারির তারিখ থেকে এটি কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফরিদা নাসরীন**
অতিরিক্ত সচিব
বৈদেশিক সাহায্যের বাজেট ও হিসাব (ফাবা) অনুবিভাগ।

## সংলগ্নী-১

### প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের চেকলিস্ট

**জিওবি অর্থায়িত প্রকল্পের ক্ষেত্রে :**

| প্রকল্প প্রণয়নের ধাপ | করণীয় | বাস্তবায়নকারী/সহযোগী সংস্থা |
|---|---|---|
| ১) মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে এবং এডিপি-তে অননুমোদিত প্রকল্পের তালিকায় অন্তর্ভূক্তির পূর্বে (সম্ভাব্য সময় : ১ মাস) | ১.১ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতি টিম (নিজস্ব জনবল হতে) গঠন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| | ১.২ প্রকল্পের ধারণাপত্র/সারসংক্ষেপ প্রণয়ন | |
| | ১.৩ প্রকল্পের প্রাথমিক ব্যয়/বাজেট প্রাক্কলন | |
| | ১.৪ মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক সুপারিশ গ্রহণ | |
| ২) DSPEC/PEC/SPEC সভার পূর্বে (সম্ভাব্য সময়ঃ ৪ মাস)* | ২.১ মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে এবং এডিপি-তে অননুমোদিত প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্তি | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা, অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশন |
| | ২.২ প্রকল্পের বিভিন্ন ধরনের সমীক্ষা তথা; সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study), Initial Environmental Examination (IEE)/ Environmental Impact Assessment (EIA)/ Community Impact Assessment (CIA) যাচাই এবং পরিবেশ ছাড়পত্র গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| | ২.৩ প্রকল্পের প্রাথমিক ডিজাইন (design) / কর্মপরিকল্পনা প্রণয়ন | |
| | ২.৪ প্রকল্পের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ | |
| | ২.৫ পরামর্শকের যোগ্যতা/অভিজ্ঞতা নির্ধারণ এবং কার্যপরিধি (TOR) প্রস্তুতকরণ | |
| | ২.৬ অধিগ্রহণযোগ্য ভূমি নির্বাচন, ব্যয় প্রাক্কলন ও প্রশাসনিক অনুমোদন গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) | সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং জেলা প্রশাসন |
| | ২.৭ পণ্য ক্রয়ের আইটেমভিত্তিক চাহিদা নিরূপণ ও ব্যয় প্রাক্কলন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| | ২.৮ পূর্ত কাজের ডিজাইন (design) প্রণয়ন ও ব্যয় প্রাক্কলন | |

| | | |
|---|---|---|
| | ২.৯ খসড়া প্রকল্প দলিল (ডিপিপি/টিপিপি) প্রণয়ন | সংশ্লিষ্ট মন্ত্রণালয় |
| | ২.১০ নির্বাচিত ভূমি অধিগ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক আইনগত প্রক্রিয়া সম্পাদন | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও জেলা প্রশাসন/প্রযোজ্য কর্তৃপক্ষ |
| | ২.১১ প্রকল্পের জনবল সংক্রান্ত অর্থ বিভাগের অনাপত্তি/সুপারিশ গ্রহণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও অর্থ বিভাগ |
| | ২.১২ মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প যাচাই কমিটির অনুমোদন/গ্রহণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ |
| ৩) প্রযোজ্য কর্তৃপক্ষ/ ECNEC কর্তৃক অনুমোদনের পূর্বে (সম্ভাব্য সময় : ০১ মাস) | ৩.১ খসড়া প্রকল্প দলিল (ডিপিপি/টিপিপি) চূড়ান্তকরণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশন |
| | ৩.২ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ভূমির মূল্য পরিশোধ এবং অধিগ্রহণকৃত ভূমির দখল গ্রহণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও জেলা প্রশাসন/প্রযোজ্য কর্তৃপক্ষ |
| | ৩.৩ প্রকল্পের ভূমি অধিগ্রহণজনিত কারণে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং utility shifting সংক্রান্ত কার্যক্রম সম্পন্নকরণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও জেলা প্রশাসন/প্রযোজ্য কর্তৃপক্ষ |
| | ৩.৪ পণ্য/পূর্ত/সেবা কাজের ব্যয় প্রাক্কলন এবং বিডিং ডকুমেন্ট (bidding document)-এর খসড়া প্রস্তুত। প্রয়োজনে পণ্য/পূর্ত/সেবা কাজের দরপত্র প্রক্রিয়াকরণ থেকে শুরু করে কন্ট্রাক্ট এ্যাওয়ার্ড (contract award) প্রদানপূর্ব সকল কাজ সম্পাদন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| ভূমি অধিগ্রহণের কাজ অন্তর্ভুক্ত থাকলেঃ * সম্ভাব্য সময় : ৭ মাস | | |

**বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে :**

| সহায়তা আহরণের ধাপসমূহ* | করণীয় | বাস্তবায়নকারী/সহযোগী সংস্থা |
|---|---|---|
| ১) Before Initial/Fact-Finding Mission (সম্ভাব্য সময় : ০১ মাস) | ১.১ প্রকল্প প্রণয়ন ও প্রস্তুতি টিম (নিজস্ব জনবল হতে) গঠন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| | ১.২ প্রকল্পের ধারণাপত্র/সারসংক্ষেপ প্রণয়ন | |
| | ১.৩ প্রকল্পের প্রাথমিক ব্যয়/বাজেট প্রাক্কলন | |
| | ১.৪ মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক সুপারিশ গ্রহণ | |
| ২) Before Appraisal / Fact-Finding Mission (সম্ভাব্য সময় : ০৫ মাস) | ২.১ মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে প্রকল্পের অন্তর্ভুক্তি এবং এডিপি-তে অননুমোদিত প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্তি | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশন |

| | | |
|---|---|---|
| | ২.২ প্রকল্পের বিভিন্ন ধরনের সমীক্ষা তথা; সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility Study), Initial Environmental Examination (IEE)/ Environmental Impact Assessment (EIA)/ Community Impact Assessment (CIA) যাচাই এবং পরিবেশ ছাড়পত্র গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |
| | ২.৩ প্রকল্পের প্রাথমিক ডিজাইন (design)/ কর্মপরিকল্পনা প্রণয়ন (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| | ২.৪ প্রকল্পের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| | ২.৫ পরামর্শকের যোগ্যতা/অভিজ্ঞতা নির্ধারণ এবং কার্যপরিধি (TOR) প্রস্তুতকরণ (প্রযোজ্য ক্ষেত্রে) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, ইআরডি ও উন্নয়ন সহযোগী |
| | ২.৬ অধিগ্রহণযোগ্য ভূমি নির্বাচন, ব্যয় প্রাক্কলন ও প্রশাসনিক অনুমোদন গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং জেলা প্রশাসন |
| | ২.৭ পণ্য ক্রয়ের আইটেমভিত্তিক চাহিদা নিরূপণ ও ব্যয় প্রাক্কলন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও উন্নয়ন সহযোগী |
| | ২.৮ পূর্ত কাজের ডিজাইন (design) প্রণয়ন ও ব্যয় প্রাক্কলন | |
| | ২.৯ খসড়া প্রকল্প দলিল (ডিপিপি/টিপিপি) প্রণয়ন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, ইআরডি ও উন্নয়ন সহযোগী |
| | ২.১০ নির্বাচিত ভূমি অধিগ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসন কর্তৃক আইনগত প্রক্রিয়া সম্পাদন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং জেলা প্রশাসন |
| | ২.১১ প্রকল্পের জনবল সংক্রান্ত অর্থ বিভাগের অনাপত্তি/সুপারিশ গ্রহণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও অর্থ বিভাগ |
| | ২.১২ মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প যাচাই কমিটির অনুমোদন গ্রহণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ |
| ৩) Before Negotiations (সম্ভাব্য সময়: ০২ মাস) | ৩.১ খসড়া প্রকল্প দলিল (ডিপিপি/টিপিপি) চূড়ান্তকরণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা, ইআরডি, উন্নয়ন সহযোগী ও পরিকল্পনা কমিশন |
| | ৩.২ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ভূমির মূল্য পরিশোধ এবং অধিগ্রহণকৃত ভূমির দখল গ্রহণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও জেলা প্রশাসন/ প্রযোজ্য কর্তৃপক্ষ |
| | ৩.৩ প্রকল্পের ভূমি অধিগ্রহণজনিত কারণে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং utility shifting সংক্রান্ত কার্যক্রম সম্পন্নকরণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও জেলা প্রশাসন/ প্রযোজ্য কর্তৃপক্ষ |
| | ৩.৪ পণ্য/পূর্ত/সেবা কাজের ব্যয় প্রাক্কলন এবং বিডিং ডকুমেন্ট (bidding document)- এর খসড়া প্রস্তুত। প্রয়োজনে পণ্য/পূর্ত/সেবা কাজের দরপত্র প্রক্রিয়াকরণ থেকে শুরু করে কন্ট্রাক্ট এ্যাওয়ার্ড (contract award) প্রদানপূর্ব সকল কাজ সম্পাদন | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা উন্নয়ন সহযোগী |

| | | |
|---|---|---|
| 8) Before signing of Financing Agreement (সম্ভাব্য সময়ঃ ০১ মাস) | ৪.১ একনেক/প্রযোজ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্প দলিল (ডিপিপি/টিপিপি) অনুমোদন | সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশন |
| | ৪.২ প্রকল্প বাস্তবায়ন ইউনিট গঠন এবং প্রকল্পের জনবল নিয়োগ সম্পন্নকরণ | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা |

* উন্নয়ন সহযোগী ভিন্নতা বিবেচনায় 'সহায়তা আহরণের ধাপ' এর ভিন্নতা হতে পারে।

**প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের চেকলিস্ট পরিপালনের ক্ষেত্রে সাধারণ দিকনির্দেশনা :**

১। **প্রকল্পঃ** বিনিয়োগ ও কারিগরি সহায়তা, উভয় প্রকৃতির, প্রকল্পের জন্য প্রযোজ্য।

২। **প্রকল্পের প্রাথমিক ব্যয়/বাজেট প্রাক্কলন :** এ ক্ষেত্রে মূল প্রকল্পের একটি ধারণাপত্র (concept paper)/সারসংক্ষেপ তৈরীপূর্বক প্রকল্পের প্রাথমিক ব্যয়/বাজেট প্রাক্কলন করতে হবে।

৩। **করণীয় সংক্রান্ত প্রযোজ্যতা :** প্রকল্প-ভেদে কেবল প্রযোজ্য করণীয়সমূহ। যথাঃ যে ক্ষেত্রে, কোন মূল প্রকল্প গ্রহণের ক্ষেত্রে সমীক্ষা বা ডিটেইলড্ ডিজাইন তৈরীর জন্য কারিগরি সহায়তা প্রকল্প গ্রহণ করতে হয়; সেক্ষেত্রে, কারিগরি সহায়তা প্রকল্পের সংশ্লিষ্ট প্রস্তুতিমূলক কাজসমূহ এ চেকলিস্টে বর্ণিত ধাপ ও সময়সীমার মধ্যে করতে হবে।

৪। **করণীয় সম্পাদন সংক্রান্ত :** এক বা একাধিক করণীয় একইসাথে ও একইসময়ে সম্পাদনের উদ্যোগ নেয়া যেতে পারে। চেকলিস্টে বর্ণিত করণীয়সমূহের ধারাবাহিকতাও overlap করতে পারে। তবে প্রকল্প প্রণয়নের পরবর্তী ধাপে উপনীত হওয়ার জন্য পূর্ববর্তী ধাপের সকল করণীয় সম্পাদন বাঞ্ছনীয় হবে।

৫। **প্রকল্প প্রণয়ন পর্যায়ের ধাপ :** জিওবি সম্পর্কিত চেকলিস্টে বর্ণিত ২য় ও ৩য় নম্বর ধাপ 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি' সংক্রান্ত পরিকল্পনা বিভাগের পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রযোজ্য হবে। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প সম্পর্কিত চেকলিস্টের বর্ণিত পর্যায়সমূহ বৈদেশিক সাহায্য আহরণ প্রক্রিয়ার বিভিন্ন ধাপ অনুযায়ী নির্ধারণ করা হয়েছে। তবে, উন্নয়ন সহযোগী ভেদে প্রক্রিয়াগত ভিন্নতা বিবেচনায় করণীয়সমূহ অনুসরণ করতে হবে।

৬। **চেকলিস্ট-এর প্রযোজ্যতা :** প্রকল্পের প্রণয়নের শুরু থেকে ডিপিপি/টিপিপি চূড়ান্ত অনুমোদন বা বৈদেশিক সাহায্যের অর্থায়ন চুক্তি স্বাক্ষরের পূর্ব সময় পর্যন্ত।

৭। **প্রস্তুতিমূলক কাজের সময়সীমা :** ভূমি অধিগ্রহণ ব্যতীত জিওবি অর্থায়নের প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের সম্ভাব্য সময়সীমা ৬ মাস। ভূমি অধিগ্রহণ কাজ সংশ্লিষ্ট বা বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের জন্য প্রস্তুতিমূলক কাজের সম্ভাব্য সময়সীমা ৯ মাস।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd